Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চাজ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩১শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৮ ইংরাজী 14th June. 1961 { ৫ম সংখ্যা




সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Servt

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

### ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩১শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৮ সাল।

### নির্ব্বাচনের ঢাক বাজতে সুরু হয়েছে

## স্বার্থে পরার্থে সংঘর্ষ

—০—

যখন কোন প্রতিষ্ঠানের সদস্য নির্ব্বাচনের ব্যাপার অনুষ্ঠিত হয়, তখন যাঁহারা সদস্য পদ-প্রার্থী হন, তাঁহারা ভোটারগণের দ্বারস্থ হইয়া তাহাদের ভোট প্রার্থনাকালে মৌখিক ও কাগজে ছাপান কত আশা দিয়া ভোটারগণকে প্রলুব্ধ করিয়া নিজের মতলব হাসিল করেন। দৃষ্টান্তস্বরূপ আইন সভার সদস্য নির্ব্বাচনের ব্যাপার অবলোকন করুন। আমাদের পশ্চিম বঙ্গের শাসনভার সংখ্যাগরিষ্ঠতার বলে কংগ্রেস দল লাভ করিয়াছেন। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁহার পছন্দমত নিজের দলের অনুগত সদস্যগণকেই মন্ত্রী, উপমন্ত্রী, স্পীকার, ডেপুটী স্পীকার প্রভৃতি লাভজনক ও ক্ষমতাযুক্ত পদগুলিতে অধিষ্ঠিত করিয়া 'পাওয়ার' এবং power ( ক্ষমতা ) এর পথ প্রশস্ত করিয়া দিলেন। দলস্থ বাকি সদস্যগণ যে মাসিক বরাদ্দ আছে তাহা পান, যখন সভার কাজ চলিতে থাকে তখন বরাদ্দমত পদোচিত অর্থ পান, খোরাকী বাদে যাহা বাঁচান তা থাকে, আসা যাওয়া রাহা খরচ সর্ব্বোচ্চ শ্রেণীর ভাড়া পাইয়া সর্ব্বনিম্ন শ্রেণীতে যাতায়াতের কষ্ট স্বীকার করিয়াও ইচ্ছা করিলে কিছু অর্থ বাঁচাইতে পারেন। যাঁহারা কংগ্রেস দলগত নন, তাঁহারাও কংগ্রেসী পদ-হীন ( খোঁড়া মনে করিবেন না ) সদস্যগণ যাহা পান, তাহাই পাইয়া থাকেন।

বিরোধী দলের মধ্যেও অনেক শিক্ষিত মেধাবী সদস্য আছেন। তাঁহারা শাসন-ক্ষমতাপ্রাপ্ত কংগ্রেস দলের শাসন ব্যাপারে খুঁৎ ধরিয়া নানা প্রশ্নের জবাব দিতে বাধ্য করেন। খবরের কাগজে এই সব প্রশ্ন ও উত্তর প্রকাশিত হয়। খবরের কাগজের স্বার্থের হানি না হইলে, কাগজওয়ালারা প্রায় প্রশ্নোত্তর প্রকাশ করেন, কিন্তু যেখানে 'স্বার্থে পরার্থে সংঘর্ষ' সেখানে মৌনব্রত অবলম্বন করেন। এমন খবরের কাগজও আছে যাহাদের কলম চলে সব বড় বড় কাগজ যেখানে স্বার্থহানির শঙ্কা দেখিয়া প্রশ্নোত্তর না ছাপিয়া চাপিয়া রাখে তাদের চাপা খবরকে উপলক্ষ্য করিয়া হাটে হাঁড়ি ভাঙে।

নিজেদের লভ্যের পরিমাণ অতি সামান্য বিবেচনা করিয়াই হউক বা শাসক দলের মুখ্য ব্যক্তি কর্ত্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আহূত হইয়াই হউক যেন স্বদল ত্যাগ করিয়া কংগ্রেস দলে যোগ দিবার জন্য পা বাড়াইতেছেন কতিপয় বিরোধী সদস্য। আবার মনে করিতেছেন,—যদি

"কুলের বাহির ক'রে
মজায়ে কালা
শেষে বলবে তোরে চাইনা।"

সে অবিশ্বাসও যে না হইতেছে এমন নয়। আবার মনে হইতেছে, যাদের ভোটে নির্ব্বাচিত হইয়াছি, তারা আমাকে চিনিয়া ফেলিবে। পরবর্ত্তী নির্ব্বাচনে তাহা হইলে কোন আশাই নাই।

মানময়ী রাধা কৃষ্ণ প্রতি অনুরক্তা হইয়াও সরাসরি মান ত্যাগ করিতে পারেন নাই। শ্রীমতীর অর্দ্ধাঙ্গ শ্যামের পক্ষে এবং অপর অর্দ্ধ অঙ্গ শ্যামের বিপক্ষে মত দিতে আরম্ভ করিয়াছিল—পণ্ডিত ৺নীলকণ্ঠ মুখোপাধ্যায় মহাশয় শ্রীমতী রাধার অর্দ্ধ অঙ্গ মানের গান রচনা করিয়া গাহিয়াছিলেন আমরা তাহা নিম্নে প্রকাশ করিলাম—

মরি মরি কি অদ্ভুত—
প্রেম চরিত্র হয় না অনুমান,
(আমি) দ্বন্দ্ব হলাম দেখে রাধার
অর্দ্ধ অঙ্গ মান।
মস্তক বলিছে ধেয়ে
যাব শ্যামের পায়—
ললাট কয়—ললাটের লিখ ;
কিসের এতো দায় !
এক কর্ণ বলে শুনিব
কৃষ্ণ কৃষ্ণ বুলি—
অপর কর্ণ কর্ণমূলে
তুলে দেয় অঙ্গুলি।
এক চক্ষু বলে করিব
কৃষ্ণ দরশন—
অপর চক্ষু বলে রাধে
ঢেকে দাও বদন।
এক নাসা বলে—লইব
কৃষ্ণ-অঙ্গ-গন্ধ।
অপর নাসা কয় কুভাষা
( বলে ) বন্ধ কর রন্ধ্র।
রসনা বলিছে কৃষ্ণে
রসামৃত পাই—
দশন বলিছে আমার
রসনায় রস নাই।
এক হস্ত বলে করিব
কৃষ্ণ আরাধনা—
অপর হস্ত বলে—ছি ছি
ছুঁয়ো না ছুঁয়ো না।
বক্ষ বলে সখ্যভাবে
শ্যামকে লব হৃদে—
হৃদয় বলিছে আমার
অঙ্গে শেল বিঁধে।
কটি বলে কটিতে ল'ব
পীত ধটী-ধারী—
নিতম্ব বলিছে ও ভার
সহিতে না পারি।
উরু বলে গুরুভাবে
লব আমি হরি—
জঙ্ঘা বলে ভাঙ্গা পীরিত
জোড়াতে না পারি।
এক পদ বলে আমি,
যাব শ্যামের কাছে—
অপর পদ বলে আমার
কণ্টক ফুটেছে।
মরি কি অদ্ভুত.........

রাজনীতির নেতাদের এবেলা ওবেলা বলা যায় না—কখন কোন্ দলভুক্ত হন। তবে তাঁহারা ভুক্ত হইবেনই অভুক্ত হইয়া পরার্থ সাধন করার মত নেতা খুব বিরল।

পাওয়ার ও power ( পাওয়ার—ক্ষমতা ) লইয়া পাকীস্থানেও অনুরূপ ব্যাপারই ঘটিয়া থাকে।

———

## কয়লার অভাব

জঙ্গিপুর মহকুমার সর্ব্বত্র কয়লার অভাব বিশেষ-ভাবে পরিলক্ষিত হইতেছে। কয়লার জন্য জন-সাধারণকে অত্যন্ত অসুবিধার সম্মুখীন হইতে হইয়াছে। রেল ওয়াগন সরবরাহের অভাবে ১৯৬০-৬১ সালে ৩৬৫ ওয়াগন স্থলে মাত্র ১৪৬ ওয়াগন সরবরাহ পাওয়া গিয়াছে বলিয়া প্রকাশ। মহকুমা কর্ত্তৃপক্ষ এ সম্বন্ধে জরুরী ব্যবস্থা অবলম্বনের জন্য উর্দ্ধতন কর্ত্তৃপক্ষকে জানাইয়াছেন।

## ক্ষতিপূরণ তালিকা

জেলা প্রচার অফিস হইতে প্রাপ্ত সংবাদে প্রকাশ যে জমিদারী গ্রহণ আইনে গৃহীত ভূমিস্বত্বের মধ্যবর্ত্তী ভূস্বত্বাধিকারীগণের ক্ষতিপূরণ তালিকা (Compensation Rolls) মুর্শিদাবাদ জেলার নিম্নলিখিত ক্যাম্প হইতে স্ব স্ব এলাকায় বর্ত্তমান মাসের ১লা তারিখ হইতে ৩০শে তারিখ পর্য্যন্ত (১-৬-৬১ হইতে ৩০-৬-৬১) দেখিতে পাওয়া যাইবে। সংশ্লিষ্ট ব্যক্তিগণ তালিকা প্রকাশের ১ মাসের মধ্যে নির্দ্দিষ্ট ফরমে নিজ এলাকাভুক্ত কম্‌পেন্সেসন্ ক্যাম্পে আপত্তি দাখিল করিতে পারিবেন।

| ক্যাম্পের তালিকা | মোকাম |
|---|---|
| ১। বহরমপুর হরিহরপাড়া কম্‌পেন্সেসন ক্যাম্প— | কাপুড়িয়া পট্টি, গোরাবাজার বহরমপুর। |
| ২। রাণীনগর— | লালদীঘির পূর্ব্বধার বহরমপুর। |
| ৩। ডোমকল-জলঙ্গী— | রাইকানন, বহরমপুর |
| ৪। বেলডাঙ্গা-নওদা— | বেলডাঙ্গা |
| ৫। লালগোলা-ভগবানগোলা— | ফকসেস কুঠি, লালবাগ |
| ৬। মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ— | ” |
| ৭। নবগ্রাম-সাগরদীঘি— | ” |
| ৮। ফরাক্কা-সামসেরগঞ্জ— | নিমতিতা |
| ৯। সুতি-রঘুনাথগঞ্জ— | রঘুনাথগঞ্জ |
| ১০। কান্দী— | কান্দী |
| ১১। ভরতপুর— | ” |
| ১২। বড়ঞা— | ” |
| ১৩। খড়গ্রাম— | ” |

জেলা প্রচার অফিস হইতে প্রচারিত।

## ধুলিয়ান পৌরসভা বাতিল

পশ্চিমবঙ্গ সরকারের আদেশ অনুসারে ধুলিয়ান পৌরসভাকে বাতিল করিয়া দেওয়া হইয়াছে। সমসেরগঞ্জ থানার বি. ডি. ও-র উপর উহার পরিচালনার ভার অর্পিত হইয়াছে। জানা গিয়াছে উক্ত আদেশ যে দিন প্রচারিত হয় সেই দিনই পৌরসভার পৌরপতি নির্ব্বাচনের দিন ধার্য্য ছিল। উভয় পক্ষের তোড়জোড় বিফল হইয়াছে।

## দ্বারোদ্‌ঘাটন

গত ৬ই জুন মঙ্গলবার বৈকালে জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয় সাগরদীঘির নিকটস্থ ডাংরাইল গ্রামে যুবক সঙ্ঘের নবনির্ম্মিত গৃহের দ্বারোদ্‌ঘাটন করেন এবং উক্ত গৃহ প্রাঙ্গণে তাঁহার সভাপতিত্বে রবীন্দ্র জন্ম শতবার্ষিকী উৎসব সুসম্পন্ন হয়। সভায় বহু লোকের সমাগম হইয়াছিল।

## প্রবল বর্ষণ

গত ২৩শে জ্যৈষ্ঠ মঙ্গলবার রাত্রি হইতে এখানে বৃষ্টি আরম্ভ হইয়া নয় দিন ব্যাপী স্থিতি লাভ করিল। এই অবিরাম বৃষ্টিতে লোকে ব্যতিব্যস্ত হইয়াছে। আকাশ সব সময় কালো হইয়া আছে। মেঘের পরে মেঘ জমিতেছে। এতদিন যাঁহারা বর্ষার জন্য ব্যাকুল হইয়াছিলেন তাঁহারাও অস্থির হইয়া পড়িয়াছেন। এই বৃষ্টিতে রাঢ়দেশের চাষকার্য্যের কোন সুবিধা হইবে না বলিয়া চাষীরা মত প্রকাশ করিতেছেন।

## ৮০ ঘণ্টা অবিরাম সাইকেল চালনা

রঘুনাথগঞ্জ সেবা-শিবিরের উদ্যোগে ম্যাকেঞ্জি পার্কের সন্নিকটস্থ খেলার মাঠে হুগলী হইতে আগত মহম্মদ মহসীন নামক এক যুবক ৮০ ঘণ্টা অবিরাম সাইকেল চালনা করিয়া জনসাধারণকে মুগ্ধ করিয়াছেন। প্রত্যহ সহস্র সহস্র দর্শক সমবেত হইতেন। দর্শকদিগের নিকট হইতে নগদ ৫৫০৲ টাকা ও বহু জিনিষপত্র পাওয়া গিয়াছে বলিয়া প্রকাশ।

## আমাদের বাংলা ভাষা দাও

বাংলা ভাষার দাবীর সমর্থনে করিমগঞ্জে গণ আন্দোলন কিরূপ প্রসার লাভ করিয়াছে সামান্য একটী ঘটনা হইতে তাহার পরিচয় পাওয়া যাবে।

শহরে একখানি সশস্ত্র পুলিশ ভ্যান যাওয়ার সময় উহার গতিরোধ করিয়া একদল শিশু—বয়স ৫ বৎসরের বেশী নহে, বাঁশের তৈরী বন্দুক নিয়ে দাঁড়িয়ে থাকে এবং গাড়ীতে বন্দুকধারী পুলিশের প্রতি বাঁশ নির্ম্মিত বন্দুক দেখাইয়া তাহারা বলে "আমাদের বাংলা ভাষা দাও—নতুবা আমরা তোমাদের গুলি করব।" পুলিশ ভ্যান কয়েক সেকেণ্ড সেখানে থামিয়া খেলনা বন্দুকধারী শিশুদের বক্তব্য শুনিয়া হাসিতে হাসিতে গাড়ী চালাইয়া চলিয়া যান। অল্প বয়স্ক শিশুরা পর্য্যন্ত আজ নির্ভীক হইয়া পড়িয়াছে।

## রাঁচির উন্মাদাগারে স্থানাভাব

কলিকাতা পুলিশের মাধ্যমে রাঁচির উন্মাদাগারে ভর্ত্তির জন্য প্রায় ১৫০০ শত আবেদনকারীর নাম তালিকাভুক্ত অবস্থায় পড়িয়া আছে বলিয়া জানা গিয়াছে। হাসপাতালের মোট ৮০০ আসনের মধ্যে মাত্র ২০০টী পশ্চিম বঙ্গের জন্য নির্দ্দিষ্ট।

## জন্মদিনে ডাক্তার রায়ের বিদেশ যাত্রা

পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় আগামী ১লা জুলাই রাত্রি ৯-৩০ মিনিটে ইংলণ্ড যাত্রা করিতেছেন। তিনি ইংলণ্ড হইতে আমেরিকাও যাইবেন। তিনি ১লা জুলাই ৮০ বৎসর বয়সে পদার্পণ করিতেছেন। তাঁহার জন্মদিনে মহাজাতি সদনে তাঁহাকে এক বিশেষ অনুষ্ঠানে অভিনন্দন জ্ঞাপনের ব্যবস্থা হইতেছে।


## বাড়ী বিক্রয়

জঙ্গিপুর ফৌজদারী কোর্টের সন্নিকটে ফাঁসিতলায় দুইখানি পাকা বাড়ী বিক্রয় হইবে। খরিদেচ্ছুকগণ স্বয়ং অথবা পত্র দ্বারা অনুসন্ধান লউন।

শ্রীধীরেন্দ্রনাথ রায়
কাঞ্চনতলা, পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল- কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের-

# আমলা কেশ তৈল



(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ)
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী
ও
## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর নির্দ্ধারিত মূল্যে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর্‌্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার
সর্ব্বদা সুলভ মূল্যে

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ... হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট "আইওলিন" চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ